দৈনিক খবর

তারিখ 06 SEP 1988
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

৫০ ১৮

# অবক্ষয়ের হাত থেকে খুলনা সিটি কলেজ রক্ষার আবেদন

খুলনাঃ দুর্নীতি, স্বজনপ্রীতি, ক্ষমতার অপব্যবহার এবং প্রশাসনিক ব্যর্থতার কারণে খুলনার মজিদ মেমোরিয়াল সিটি কলেজে শিক্ষক, কর্মচারী ও ছাত্রদের মধ্যে অসন্তোষ বিরাজ করছে। ফলে এই শিক্ষা প্রতিষ্ঠানে দিন দিন শিক্ষার পরিবেশ বিনষ্ট হচ্ছে এবং প্রতিষ্ঠানটি এর মর্যাদা হারাতে বসেছে।

এই কলেজ ছাত্র সংসদ ও কলেজভুক্ত ২২টি ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ এক বিবৃতিতে অবক্ষয়ের হাত থেকে কলেজটিকে রক্ষা করার জন্য বিচার বিভাগীয় তদন্তসহ প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণেরআবেদনজানিয়েছেন।

জানা গেছে, কয়েক বছর আগে এই কলেজের অনিয়ম ও অর্থ অপচয়ের ঘটনা প্রকাশ হয়ে পড়লে ১৯৮৬ সালের জুন মাসে তৎকালীন খুলনা জেলা প্রশাসক একটি অডিট টীম গঠন করেন এবং দু'সদস্যবিশিষ্ট অডিট টীম দীর্ঘ ৫ মাস যাবৎ উক্ত কলেজের কাগজপত্র পরীক্ষা-নিরীক্ষা করে ১৯৮৬ সালের ডিসেম্বর মাসে একটি অডিট রিপোর্ট দাখিল করেন।

উক্ত রিপোর্টে আয়-ব্যয়ের বড় ধরনের অসঙ্গতি, নিয়ম বহির্ভূতভাবে ভাইস প্রিন্সিপ্যালের পদোন্নতিসহ কলেজের নানা অনিয়ম ও ত্রুটির কথা উল্লেখ করা হয়।

পরবর্তীতে জেলা প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি জেলা দুর্নীতি দমন বিভাগকে অবহিত করে। কিন্তু দীর্ঘদিন অতিবাহিত হলেও দুর্নীতি দমন বিভাগ এ ব্যাপারে কোন অগ্রগতি দেখাতেপারেনি।

এই কলেজের শিক্ষকরা বিগত ২ মাস যাবৎ বেতন পাচ্ছেন না বলে জানা গেছে। উল্লেখ্য, কলেজটিতে ৫ হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে।

খুলনার বিভিন্ন সংগঠন খুলনা সিটি কলেজের বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির সুষ্ঠু তদন্ত করার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে দাবী জানিয়েছেন।

—মকবুল হোসেন মিন্টু